দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-২৬/২০২৫ তারিখঃ ০৯/০৪/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, এর নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৩.০০২.১৯/৮০৬, তারিখঃ ০৮/০৪/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।**
**[কাস্টমস : রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৩.০০২.১৯/৮০৬ তারিখঃ ০৮-০৪-২০২৫ খ্রি.

বিষয়: **কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপোসমূহে অধিকতর আমদানি পণ্য স্থানান্তর, মালামাল আনস্টাফিং ও ডেলিভারীর অনুমতি প্রদান।**

সূত্র: ১। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর পত্র স্মারক নং-ডিটি/শিপ/জাতীয় রাজস্ব বোর্ড/পত্রালাপ/২৪/৮৩৩, তারিখ:১৮/০৩/২০২৫খ্রি.;
২। জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র স্মারক নং-০৮.০১.০০০০.৫৬.০৩.০০২.১৯/৮০০, তারিখ: ২৫/০৩/২০২৫খ্রি.;
৩। কাস্টমস হাউস, চট্টগ্রাম এর পত্র নং-২২/বন্ড সা./অফডক/বিবিধ/২০১৪/২৩৯৭০(কাস), তারিখ: ২৭/০৩/২০২৫খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক সূত্রোক্ত ০১ নং পত্রের মাধ্যমে প্রেরিত প্রস্তাব এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক সূত্রোক্ত ০৩ নং পত্রের মাধ্যমে প্রেরিত মতামতের আলোকে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম অবিঘ্নিতভাবে পরিচালনা এবং দেশের আমদানি-রপ্তানি বাণিজ্য নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে বিদ্যমান ৩৮ টি আমদানি পণ্যের অতিরিক্ত নিম্নরূপ ছকে বর্ণিত ১২টি আমদানি পণ্য কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপোসমূহে স্থানান্তর, মালামাল আনস্টাফিং ও ডেলিভারীর অনুমতি প্রদান করা হলো :

| ক্র. নং | পণ্যের নাম | এইচ.এস.কোড |
|---|---|---|
| ১. | স্ট্যাপল ফাইবার (All kinds of staple fiber) | সকল |
| ২. | ক্যালসিয়াম কার্বনেট (Calcium Carbonate) | ২৮৩৬.৫০.০০ |
| ৩. | হইট ব্রান (Wheat brane) | ২৩০২.৩০.০০ |
| ৪. | কুইক লাইম (Quick lime) | ২৫২২.১০.০০ |
| ৫. | পলিস্টাইরিন (Polystyren) | সকল |
| ৬. | ফ্লুটিং পেপার (Fluting paper) | ৪৮০৫.১১.০০, ৪৮০৫.১২.০০,৪৮০৫.১৯.০০ |
| ৭. | ক্যালসিয়াম ফসফেট (Calcium phosphate) | ২৮৩৫.২৫.০০, ২৮৩৫.২৬.০০ |
| ৮. | এসবেস্টস (Asbestos) | হেডিং-২৫২৪ এর আওতায় সকল |
| ৯. | মিথনাইন (Mythonine) | ২৯০৩.৪০.০০ |
| ১০. | গ্লিসারল (Glycerol) | ২৬০৫.৪৫.০০ |
| ১১. | আনরাট অ্যালুমিনিয়াম (Unwrought Alluminium) | ৭৬০১.১০.০০, ৭৬০১.২০.০০ |
| ১২. | সিনামন (Cinnamon) | ০৯০৬.১১.৯০ |

জাতীয় রাজস্ব বোর্ড এর নির্দেশক্রমে-

স্বা:/
[মোঃ আল আমিন]
দ্বিতীয় সচিব (কাস্টমস; রপ্তানি ও বন্ড)
ইমেইল: ssbondnbr@gmail.com